গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তরসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৮-১৯ এর বার্ষিক মূল্যায়ন ও পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	মাহমুদুল ইসলাম অতিরিক্ত সচিব
সভার তারিখ	০৫ ও ০৬ আগস্ট ২০১৯।
সভার সময়	বিকাল ৩.০০ হতে বিকাল ৪.৩০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভা কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন। সভায় পানি সম্পদ মন্ত্রণালয় এর আওতাধীন দপ্তরসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৮-১৯ এর প্রতিটি সূচকের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সকল দপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৮-১৯ এর ১টি অংশে (কৌশলগত উদ্দেশ্য ৭৫ নম্বর) অর্জন ভাল হওয়ায় সভাপতি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

২। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বার্ষিক মূল্যায়ন পর্যালোচনা করে দেখা যায় ই-নথি সংশ্লিষ্ট ০২টি সূচক (সূচক নং এম. ১.১.১ ও ১.১.২), পিআরএল আদেশ জারী ও ছুটি নগদায়ন (সূচক নং এম. ১.৬.১, ১.৬.২), অডিট আপত্তি (সূচক নং এম. ২.১.১), মাঠ পর্যায়ের কার্যালয়ে ফিডব্যাক প্রদান (সূচক নং এম. ৩.১.১), জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন (সূচক নং এম. ৪.১.২) এবং তথ্য বাতায়ন হালনাগাদ (সূচক নং এম. ৪.২.১, ৪.২.২) এর লক্ষ্যমাত্রা যথাযথভাবে বাস্তবায়িত হয়নি।

৩। বাংলাদেশ হাওড় ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের বার্ষিক মূল্যায়ন পর্যালোচনা করে দেখা যায় ই-নথি সংশ্লিষ্ট ০৩টি সূচক (সূচক নং এম.১.১.১, ১.১.২ ও ১.১.৩), সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ (সূচক নং এম. ১.৪.২), অডিট আপত্তি (সূচক নং এম. ২.১.১), আয়োজিত প্রশিক্ষণ (সূচক নং এম. ৩.৪.১), তথ্য বাতায়ন হালনাগাদ (সূচক নং এম. ৪.২.১, ৪.২.২), বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড (সূচক নং এম. ৪.৩.১) এর লক্ষ্যমাত্রা যথাযথভাবে বাস্তবায়িত হয়নি। এছাড়াও একটি নতুন ই-সেবা চালু (সূচক নং এম. ১.২.১), ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (সূচক নং এম. ১.৩.১, ১.৩.২) ও অডিট আপত্তি (সূচক নং এম. ২.১.২) বিষয়ে কোন অর্জন নাই। ভুল করে এপিএমএস সফটওয়্যারে তথ্য ইনপুট না দেয়ার কারণে যাচাইঅন্তে ম্যানুয়ালী বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর (সূচক নং এম. ৩.১.১) ও তথ্য সেবা যোগ (সূচক নং এম. ৪.২.১) এ মোট ১ নম্বর যোগ করা হয়।

৪। পানি সম্পদ পরিকল্পনা সংস্থার বার্ষিক মূল্যায়ন পর্যালোচনা করে দেখা যায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন (সূচক নং এম. ৪.১.২) এর লক্ষ্যমাত্রা যথাযথভাবে বাস্তবায়িত হয়নি। এছাড়াও একটি নতুন ই-সেবা চালু (সূচক নং এম. ১.২.১), ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (সূচক নং এম. ১.৩.১, ১.৩.২) ও অডিট আপত্তি (সূচক নং এম. ২.১.২) বিষয়ে কোন অর্জন নাই। ভুল করে এপিএমএস সফটওয়্যারে তথ্য ইনপুট না দেয়ার কারণে যাচাইঅন্তে ম্যানুয়ালী বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর (সূচক নং এম. ৩.১.১), মাঠ পর্যায়ের কার্যালয়ে ফিডব্যাক প্রদান (সূচক নং এম. ৩.১.১), আয়োজিত প্রশিক্ষণ (সূচক নং এম. ৩.৪.১) এ মোট ২.৫ নম্বর যোগ করা হয়।

৫। নদী গবেষণা ইনস্টিটিউটের বার্ষিক মূল্যায়ন পর্যালোচনা করে দেখা যায় ই-নথি সংশ্লিষ্ট ০৩টি সূচক (সূচক নং এম. ১.১.১, ১.১.২ ও ১.১.৩) এর অর্জন চলতি মানের নিম্নে যা মোটেও সন্তোষজনক নয়। এছাড়াও একটি নতুন ই-সেবা চালু (সূচক নং

এম. ১.২.১), ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (সূচক নং এম. ১.৩.১, ১.৩.২), শূন্য পদের নিয়োগ (সূচক নং এম. ২.৬.১) ও অডিট আপত্তি (সূচক নং এম. ২.১.১, ২.১.২) বিষয়ে কোন অর্জন নাই। ভুল করে এপিএমএস সফটওয়্যারে তথ্য ইনপুট না দেয়ার কারণে যাচাইঅন্তে ম্যানুয়ালী গবেষনায় প্রাপ্ত ফলাফল (সূচক নং ১.৪.২), বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর (সূচক নং এম. ৩.১.১), মাঠ পর্যায়ের কার্যালয়ে ফিডব্যাক প্রদান (সূচক নং এম. ৩.১.১), বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড (সূচক নং এম. ৪.৩.১) এ মোট ৮ নম্বর যোগ করা হয়।

৬। যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর বার্ষিক মূল্যায়ন পর্যালোচনা করে দেখা যায় ই-নথি সংশ্লিষ্ট ০২টি সূচক (সূচক নং এম. ১.১.১, ১.১.২) এর লক্ষ্যমাত্রা যথাযথভাবে বাস্তবায়িত হয়নি। এছাড়াও একটি নতুন ই-সেবা চালু (সূচক নং এম. ১.২.১), ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (সূচক নং এম. ১.৩.১, ১.৩.২) বিষয়ে কোন অর্জন নাই।

৭। পাসম এর আওতাধীন সংস্থাসমূহকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড প্রশিক্ষণ সংক্রান্ত সকল কাজ প্রধান কার্যালয় হতে তিনটি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে পরিচালনা করে থাকে। সেক্ষেত্রে মাঠ পর্যায়ের অফিসগুলোর সকল কর্মচারীর প্রশিক্ষণ নিশ্চিত করা সম্ভব হয়না। এক্ষেত্রে জোন পর্যায়ে প্রশিক্ষণ কোডে (কোড না থাকলে কোড সৃজন করে) অর্থ বরাদ্দ দেয়া প্রয়োজন।

৮। <u>সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-</u>

ক্রমিক	সিদ্ধান্ত			বাস্তবায়নে
১।	দপ্তর/সংস্থার নাম	দপ্তর/সংস্থা কর্তৃক নিজস্ব মূল্যায়নে প্রাপ্ত নম্বর	মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক দপ্তর/সংস্থার মূল্যায়ন প্রতিবেদন ও প্রমাণকসমূহ যাচাইঅন্তে প্রাপ্ত নম্বর	
	বাংলাদেশ হাওড় ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর	৯৪.৩৫	৯০.১৪	
	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	৯৭.৮২	৯৩.৩৫	
	নদী গবেষণা ইনস্টিটিউট	৭৪.৫৭	৮২.৪৭	
	পানি সম্পদ পরিকল্পনা সংস্থা	৯০.৭৮	৯৩.১৮	
	যৌথ নদী কমিশন, বাংলাদেশ	৯০.৮৪	৯০.৮৪	
২।	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড জোন পর্যায়ে প্রশিক্ষণ কোডে (কোড না থাকলে কোড সৃজন করে) অর্থ বরাদ্দ প্রদান করবে।			বাপাউবো

৯। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মাহমুদুল ইসলাম
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.০৫.০২৩.১৮.২৯৯

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৬
০৭ আগস্ট ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)